

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৯৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২৭. সালাত সংক্ষিপ্ত করা

باب فِي تَخْفِيفِ الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ حَبِيبٍ، حَدَّثَنَا خَالِدُ بْنُ الْحَارِثِ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَجْلَانَ، عَنْ عُبَيْدِ اللهِ بْنِ مِقْسَمٍ، عَنْ جَابِرٍ، ذَكَرَ قِصَّةَ مُعَاذ قَالَ وَقَالَ _ يَعْنِي النَّبِيَّ صلى الله عليه وسلم للْفَتَى _ " كَيْفَ تَصِنْنَعُ يَا ابْنَ أَخِي إِذَا صَلَّيْت ". قَالَ أَقْرَأُ بِفَاتِحَةِ الْكِتَابِ وَأَسْأَلُ اللهَ الْجَنَّةَ وَأَعُوذُ بِهِ مِنَ النَّارِ وَإِنِّي لَا أَدْرِي مَا دَنْدَنَتُكَ وَلَا دَنْدَنَةُ مُعَاذٍ . فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " إِنِّي وَمُعَاذُ حَوْلَ هَاتَيْنِ ". أَوْ نَحْوَ هَذَا .

_ صحيح

বাংলা

৭৯৩। জাবির (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি মু'আয (রাঃ)-এর ঘটনা বর্ণনা করে বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জনৈক যুবককে বললেন, হে ভ্রাতুপ্পুত্র! তুমি সালাতে কি পড়? সে বলল, আমি সূরাহ ফাতিহা পড়ি এবং আল্লাহর কাছে জান্নাতের প্রত্যাশা ও জাহান্নাম হতে আশ্রয় চাই। আমি আপনার ও মু'আযের অস্পষ্ট শব্দগুলো বুঝি না (অর্থাৎ আপনি এবং আমাদের ইমাম মু'আয সালাতে নীরবে কোন কোন শব্দযোগে দু'আ ও মুনাজাত করেন তা আমি অবহিত নই)। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি এবং মু'আয উভয়ের আশে-পাশেই ঘুরে থাকি (অর্থাৎ আমরাও জান্নাতের প্রত্যাশা এবং জাহান্নাম হতে আশ্রয় প্রার্থনা করি), অথবা অনুরূপ কিছু বলেছেন।[1]

সহীহ।

English

Jabir narrated the story of mu'adh and said:



The prophet (ﷺ) said to a youth: My nephew, what do you do in prayer? He replied: I recited fatihat al-katab and I ask Allah for paradise and seek his refuge from hell-fire I do not understand well your sound and the sound of mu'adh. The prophet (ﷺ) said: I and Mu'adh go around both (paradise and Hell-fire), or he said something similar.

ফুটনোট

[1] পূর্বের হাদীসে গত হয়েছে, এছাড়াও আহমাদ (৩/৪৭৪, ৫/৭৪)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন